বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
জনসংযোগ বিভাগ
www.bgfcl.gov.bd

# ৩০ মার্চ ২০২৬ তারিখে অনুষ্ঠিত কোম্পানির ১০৬তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | প্রকৌঃ মোঃ আব্দুল জলিল প্রামানিক<br>ব্যবস্থাপনা পরিচালক |
| সভার তারিখ | **৩০ মার্চ ২০২৬** |
| সভার সময় | **সকাল ১১.০০ ঘটিকা** |
| স্থান | **বোর্ড রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল, ব্রাহ্মণবাড়িয়া** |
| উপস্থিতি | **তালিকা সংযুক্ত** |

সভার সভাপতি কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক অনলাইনে সভায় যোগদান করেন। তিনি মার্চ'২৬ মাসের/১০৬তম সমন্বয় সভায় বোর্ড রুমে উপস্থিত এবং অনলাইনে অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতি কোম্পানি সচিবকে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার আহ্বান জানান। কোম্পানি সচিব সভাপতিকে ধন্যবাদ জানিয়ে সমন্বয় সভার সিদ্ধান্তসমূহসহ আলোচ্যসূচি ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করেন।

সভায় সর্বসম্মতিক্রমে গত ০৫ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিত কোম্পানির ১০৫তম সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

বিগত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ অন্যান্য বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম. | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| **৩.০।** | **অপারেশন ডিভিশন:** | | | |
| ৩.১। | ফিল্ডসমূহের সার্বিক কার্যক্রম। | **ক) তিতাস ফিল্ড:**<br>মহাব্যবস্থাপক (অপারেশন) সভাকে অবহিত করেন যে, কোম্পানির গ্যাস সরবরাহের সকল কাস্টডি ট্রান্সফার মিটারে ফ্লো-কম্পিউটার ইন্সটলেশনের জন্য নিয়োজিত ঠিকাদার কর্তৃক সকল বৈদেশিক মালামাল তিতাস ফিল্ডে আনা হচ্ছে। আগামী ২ এপ্রিল থেকে ইনস্টলেশন শুরু হবে। Turnkey basis-এ ১৩টি ফ্লো-কম্পিউটার (তিতাস ফিল্ডে-৬টি) ইনস্টলেশন কাজ আগামী ১$^{১}/_{২}$-২ মাসের সম্পন্ন হবে বলে আশা করা যাচ্ছে। | কোম্পানির গ্যাস সরবরাহের সকল কাস্টডি ট্রান্সফার মিটারসমূহে ফ্লো-কম্পিউটার ইন্সটলেশন কার্যক্রম আগামী ১$^{১}/_{২}$-২ মাসের মধ্যে যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)/(টিএস) ও সকল ফিল্ড ইনচার্জ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | **খ) হবিগঞ্জ, বাখরাবাদ ও নরসিংদী ফিল্ড:**<br>সভাকে অবহিত করা হয় যে, হবিগঞ্জ, বাখরাবাদ, নরসিংদী ফিল্ডে বিদ্যমান এবং তিতাস-সি তে রাখা (ডিএলও-এর) সর্বমোট ৮টি পরিত্যক্ত টেলি-কমিউনিকেশন টাওয়ার এবং ব্রাহ্মণবাড়িয়াস্থ গোকর্ণ ঘাটে অবস্থিত ১টি অব্যবহৃত কনডেনসেট স্টোরেজ ট্যাংক 'যেখানে যে অবস্থায় আছে' ভিত্তিতে নিলামে বিক্রয়ের বিষয়টি কোম্পানির স্থায়ী নিলাম কমিটির আহ্বায়ক ও মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) কর্তৃক ১২ মার্চ ২০২৬ তারিখে অনুষ্ঠিত কোম্পানির ৭৪৭তম বোর্ড সভায় উত্থাপন করা হয়। বোর্ড একটি কমিটি গঠনের দিকনির্দেশনা প্রদান করে এবং ঐ কমিটির মাধ্যমে অধিকতর যাচাই-বাছাইপূর্বক অনুমিত বিক্রয়মূল্য নির্ধারণ করে সংশ্লিষ্ট নীতিমালা অনুযায়ী পরবর্তীতে বোর্ড সভায় উপস্থাপনের সিদ্ধান্ত প্রদান করে। | হবিগঞ্জ, বাখরাবাদ, নরসিংদী ফিল্ডে বিদ্যমান এবং তিতাস-সি তে রাখা (ডিএলও-এর) সর্বমোট ৮টি পরিত্যক্ত টেলিকমিউনিকেশন টাওয়ার এবং ব্রাহ্মণবাড়িয়াস্থ গোকর্ণ ঘাটে অবস্থিত ১টি অব্যবহৃত কনডেনসেট স্টোরেজ ট্যাংক 'যেখানে যে অবস্থায় আছে' ভিত্তিতে নিলামে বিক্রয়ের লক্ষ্যে বোর্ডের নির্দেশনা অনুযায়ী অনুমিত মূল্য নির্ধারণ কমিটি গঠন ও নীতিমালা অনুযায়ী সকল প্রক্রিয়া সম্পন্ন করে বোর্ড সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)/(টিএস) /(অর্থ ও হিসাব) এবং উপমহাব্যবস্থাপক (পুরকৌশল)/ (তিতাস)/ (নরসিংদী)/ (হবিগঞ্জ)/ (স্থানীয় সংগ্রহ) |
| | | **গ) কামতা ফিল্ড:**<br>সভাকে অবহিত করা হয় যে, কামতা ফিল্ডের অভ্যন্তরে থাকা টিজিটিডিএসএল-এর ভবনটি পরবর্তীতে প্রয়োজন হতে পারে বিবেচনায় তারা ভবনটির সংস্কারের ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে জানিয়েছে। বর্তমানে টিজিটিডিএসএল ভবনটি পরিষ্কার-পরিচ্ছন্ন করে দিয়েছে। | কামতা ফিল্ডের অভ্যন্তরে থাকা টিজিটিডিএসএল-এর পরিত্যক্ত ভবনটির সংস্কারের বিষয়ে টিজিটিডিএসএল-এর সংশ্লিষ্ট বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন) এবং উপব্যবস্থাপক/ ইনচার্জ (কামতা) |
| ৪.০। | **পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন:** | | | |
| ৪.১। | চলমান উন্নয়ন প্রকল্প। | মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, কোম্পানিতে ৫টি উন্নয়ন প্রকল্প চলমান আছে। তন্মধ্যে, | চলমান ৫টি প্রকল্পের কার্যক্রম সুষ্ঠু ও যথাযথভাবে সম্পাদন করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)/ (পিডি)/(টিএস) এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| | (ক) তিতাস-ই এবং জি তে কম্প্রেসর স্থাপন | তিতাস-ই এবং জি লোকেশনে ৬টি কম্প্রেসর স্থাপন সম্পন্ন শেষে বিজিএফসিএল ও জিকম-এর ১ বছর মেয়াদী জয়েন্ট অপারেশন কার্যক্রম ১৭ নভেম্বর ২০২৫ হতে চলমান আছে। এছাড়া, কম্প্রেসর অপারেশনে দক্ষ জনবল গড়ে তোলার লক্ষ্যে জিকম-এর প্রায় ১মাস মেয়াদী একটি অনসাইট ট্রেনিং-এ কোম্পানির ২৫জন কর্মকর্তা প্রশিক্ষণ গ্রহণ করেছেন। পাশাপাশি, জিকম আয়োজিতব্য ৩টি বৈদেশিক প্রশিক্ষণের মধ্যে ১টি বৈদেশিক প্রশিক্ষণ শেষ হয়েছে এবং অপর ২টি প্রশিক্ষণ সিডিউল প্রণয়ন করা হচ্ছে মর্মে জিকম জানিয়েছে। | কম্প্রেসরসমূহের জয়েন্ট অপারেশন শেষে বিজিএফসিএল-এর জনবলকেই কম্প্রেসরসমূহের অপারেশন পরিচালনা করতে হবে বিধায় প্রশিক্ষণলব্ধ জ্ঞান এবং যৌথ অপারেশনে লব্ধ জ্ঞানের সমন্বয়ে দক্ষ জনবল গড়ে তুলতে হবে।<br><br>আয়োজিতব্য ২টি বৈদেশিক প্রশিক্ষণের সিডিউল যথাসময়ে প্রদানের জন্য জিকম-এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | |
| | | | | |

| | | |
|---|---|---|
| (খ) ৭টি কূপের ওয়ার্কওভার | বাখরাবাদ-৭ কূপের ওয়ার্কওভারের জন্য চলমান রিগ-আপ কার্যক্রম বাপেক্স কর্তৃক ১৫ এপ্রিল ২০২৬ এর মধ্যে সম্পন্ন করে তদ্পরবর্তী এক সপ্তাহের মধ্যে ওয়ার্কওভার শুরুর পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। বাপেক্স-এর অধিক পরিমাণ প্রজেক্ট থাকায় এ ওয়ার্কওভার কাজটি সিডিউল মোতাবেক মার্চ, ২০২৬ এর মধ্যে শুরু করা যায়নি। পাশাপাশি, মেঘনা-১ কূপের ওয়ার্কওভার সম্পাদনের লক্ষ্যে রিগ ফাউন্ডেশনের সংস্কার কাজ ঠিকাদার কর্তৃক আগামীকাল থেকে শুরু করা হবে। কাজটি সম্পন্নের মেয়াদ ৯০ দিন। এছাড়া, বাঞ্ছারামপুর দিয়ে সড়ক পথে অথবা মরিচাকান্দি দিয়ে নদী পথে মেঘনা ফিল্ডে রিগ পরিবহনের বিষয়ে বাপেক্স সরেজমিনে পরিদর্শন করেছে। | বাখরাবাদ-৭ কূপের ওয়ার্কওভার দ্রুত শুরুর লক্ষ্যে বাপেক্স-এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>মেঘনা-১ কূপের ওয়ার্কওভারের লক্ষ্যে রিগ ফাউন্ডেশন মডিফিকেশন কাজ দ্রুত সম্পাদনে তৎপর ও সচেষ্ট হতে হবে।<br><br>মেঘনা ফিল্ডে রিগ পরিবহন সংক্রান্ত বিষয়ে বাপেক্স-এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। |
| (গ) ২টি গভীর অনুসন্ধান কূপ খনন (তিতাস-৩১ ও বাখরাবাদ-১১) | ২টি গভীর অনুসন্ধান কূপ তিতাস-৩১ এবং বাখরাবাদ-১১ খনন প্রকল্পের আওতায় তিতাস-৩১ কূপ খননের জন্য ০৩ এপ্রিল, ২০২৬ তারিখ হতে রিগ-আপ শুরু এবং ১৫ এপ্রিল তারিখের মধ্যে খনন কাজ শুরুর পরিকল্পনা আছে। এছাড়া, বাখরাবাদ-১১ কূপ খনন এলাকার গ্যাস গ্যাদারিং পাইপলাইন সংশ্লিষ্ট পথস্বত্ব (ROW)-এর demarcation -এ কিছুটা জটিলতা পরিলক্ষিত হয়েছে যার সমাধানে ব্যবস্থা গ্রহণ প্রয়োজন। | গভীর অনুসন্ধান কূপ তিতাস-৩১ এর খনন কাজ ১৫ এপ্রিল ২০২৬ তারিখের মধ্যে শুরু করতে হবে।<br><br>বাখরাবাদ-১১ কূপ খনন এলাকার গ্যাস গ্যাদারিং পাইপলাইন সংশ্লিষ্ট পথস্বত্ব (ROW)-এর demarcation সংক্রান্ত জটিলতা নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| (ঘ) হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপ | বাপেক্স কর্তৃক পরিচালিতব্য হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্পের পরবর্তী অগ্রগতি বাপেক্স কর্তৃক মাঠ পর্যায়ের কাজের লোকবল সংগ্রহ কার্যক্রম এবং বনাঞ্চলে ৩ডি সাইসমিক জরিপ পরিচালনা সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আদালতের পরবর্তী নির্দেশনার অপেক্ষাধীন আছে। | বাপেক্স কর্তৃক পরিচালিতব্য হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডের ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্পের কার্যক্রম এগিয়ে নেয়ার লক্ষ্যে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। |

| | | | | |
|---|---|---|---|---|
| | (ঙ) ৪টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ খনন | ( ঙ) ৪টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ খনন প্রকল্পের আওতায় তিতাস-২৮ কূপের খনন কাজ শেষ পর্যায়ে আছে। গ্যাস গ্যাদারিং পাইপলাইন নির্মাণ কাজ আগামী ৭ দিনের মধ্যে সম্পন্ন হবে। DST সম্পন্ন করে এপ্রিল মাসের শেষ সপ্তাহ নাগাদ কূপটি থেকে গ্যাস উৎপাদন শুরু করা যাবে মর্মে আশা করা যাচ্ছে। এছাড়া, CCDC-অপর একটি রিগ দিয়ে কামতা ফিল্ডের কূপ খনন কাজ শুরুর প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। এতদ্‌সংশ্লিষ্ট বৈদেশিক মালামাল যথাসময়ে পৌঁছে যাবে এবং কিছু মালামাল এসজিএফএল থেকে ধারে গ্রহণ করা হবে। কামতা ফিল্ডের জন্য দৈনিক ২০ এমএমসিএফ গ্যাস প্রসেসিং ক্ষমতাসম্পন্ন ১টি প্রসেস প্লান্ট সংগ্রহের সিদ্ধান্ত পাওয়া গিয়েছে। | মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ খনন প্রকল্পের কাজ দ্রুত ও যথাযথভাবে সম্পাদনে অধিকতর তৎপর ও সচেষ্ট হতে হবে।<br><br>CCDC-এর অপর ১টি রিগ দিয়ে কামতা ফিল্ডের খনন কার্যক্রম দ্রুত শুরু এবং দৈনিক ২০ এমএমসিএফ গ্যাস প্রসেসিং ক্ষমতাসম্পন্ন ১টি প্রসেস প্লান্ট সংগ্রহের কার্যক্রম এগিয়ে নিতে হবে। | |
| ৪.২। | প্রস্তাবিত উন্নয়ন প্রকল্পসমূহ। | সভাকে অবহিত করা হয় যে, দেশীয় গ্যাসের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিজিএফসিএল-এর ৪টি প্রস্তাবিত প্রকল্প রয়েছে। তন্মধ্যে, | | |
| | | ( ক) তিতাস ৩২ ও ৩৩ নং কূপ খননের লক্ষ্যে গৃহীত প্রকল্পের ডিপিপি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়েছে। | তিতাস ৩২ ও ৩৩ নং কূপ খননের লক্ষ্যে গৃহীত প্রকল্পের ডিপিপি অনুমোদনের লক্ষ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং উপমহাব্যবস্থাপক (পরিকল্পনা) |
| | | ( খ) তিতাস- ১৫ (Sidetrack Drilling) ও বিকেবি-২ নং কূপের ওয়ার্কওভার প্রকল্প গ্রহণের লক্ষ্যে প্রণীত ডিপিপি ইএমআরডি-তে প্রেরণ করা হয়েছে। প্রকল্পের EIA চূড়ান্ত করার কার্যক্রম চলমান আছে। | তিতাস-১৫ (Sidetrack Drilling) ও বিকেবি-২ নং কূপের ওয়ার্কওভার প্রকল্পের ডিপিপি অনুমোদনের লক্ষ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | |
| | | (গ) তিতাস ও হবিগঞ্জ ফিল্ডের অন্তর্বর্তী ২৫৫ বর্গ কি.মি. এলাকায় ২-ডি এবং তিতাস ফিল্ডের উত্তর-পশ্চিম ও নরসিংদী ফিল্ডের উত্তর-পূর্বে ৬৩২ বর্গ কি.মি এলাকায় ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্পের চূড়ান্ত Feasibility Study প্রতিবেদন IIFC কর্তৃক দাখিল করা হয়েছে। অপরদিকে, ২ডি সাইসমিক জরিপ সম্পাদনের লক্ষ্যে বাপেক্স-এর গঠিত কমিটি কর্তৃক দাপ্তরিক প্রাক্কলিত ব্যয়ের প্রতিবেদন দাখিল করা হয়েছে। সম্ভাব্যতা সমীক্ষা ও কমিটি’র প্রতিবেদন অনুযায়ী ডিপিপি প্রস্তুত করা হয়েছে। শীঘ্রই বিজিএফসিএল বোর্ডের কারিগরি কমিটিতে উপস্থাপন করা হবে। | (গ) ২-ডি ও ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা ও কমিটি’র প্রতিবেদন অনুযায়ী ডিপিপি প্রণয়ন করে বিজিএফসিএল বোর্ডের কারিগরি কমিটিতে উপস্থাপন করতে হবে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (ঘ) তিতাস ফিল্ডে ৩টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ (তিতাস-৩৪, ৩৫, ৩৬) খননের জন্য জুলাই ২০২৬ হতে জুন ২০২৯ পর্যন্ত বাস্তবায়ন মেয়াদ বিবেচনা করে একটি প্রকল্প গ্রহণের পরিকল্পনা করা হয়েছে। প্রকল্পের ডিপিপি প্রস্তুত করা হচ্ছে। | তিতাস-৩৪, ৩৫, ৩৬ কূপ খননের লক্ষ্যে প্রস্তাবিত প্রকল্পের ডিপিপি যথাশীঘ্র প্রস্তুত করতে হবে। | |
| ৪.৩। | প্রধান কার্যালয়ের Fire Plan বাস্তবায়ন। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির প্রধান কার্যালয়ের Fire Plan বাস্তবায়নের নিমিত্ত চাহিদানুযায়ী ম্যাটেরিয়েলস্ তালিকা তৈরি, কর্মপরিকল্পনা এবং কস্টিং করে টেন্ডার সিডিউল প্রণয়ন করা হচ্ছে।<br><br>এছাড়া, হবিগঞ্জ ফিল্ডের জন্য Fire Plan প্রণয়ন ও অনুমোদনের নিমিত্ত নিয়োজিত তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান সরেজমিন পরিদর্শন করে Fire Plan এর খসড়া প্রণয়ন করছে। | কোম্পানির প্রধান কার্যালয়ের Fire Plan বাস্তবায়নের কর্মপরিকল্পনা সভাকে অবহিত করতে হবে।<br><br>হবিগঞ্জ ফিল্ডের জন্য Fire Plan প্রণয়ন ও অনুমোদনের নিমিত্ত তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠানের তথ্য-উপাত্ত সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং উপমহাব্যবস্থাপক (ইএস) ও সংশ্লিষ্ট কমিটি |
| ৪.৪। | পরিবেশ ছাড়পত্র বা Environmental Clearance Certificate (ECC) নবায়ন । | সভাকে অবহিত করা হয় যে, প্রস্তাবিত তিতাস ৩২ ও ৩৩ নং কূপ খনন প্রকল্পের জন্য ECC অনুমোদন হয়েছে।<br><br>সভাকে আরও অবহিত করা হয় যে, হবিগঞ্জ ফিল্ডের ECC সংগ্রহের শর্ত অনুযায়ী আগস্ট ২০২৬ এর মধ্যে ETP স্থাপন করতে হবে। এ লক্ষ্যে পুরকৌশল বিভাগ কর্তৃক design & estimation-এর কাজ সম্পাদন করা হচ্ছে। এ জন্য ২০২৬-২৭ অর্থবছরের সংশোধিত বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখতে হবে। | তিতাস ৩২ ও ৩৩ নং কূপ খনন প্রকল্পের ECC দ্রুত সংগ্রহ করতে হবে।<br><br>হবিগঞ্জ ফিল্ডে ETP স্থাপনের জন্য ২০২৬-২৭ অর্থবছরের সংশোধিত বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং উপমহাব্যবস্থাপক (হবিগঞ্জ) |
| ৪.৫। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি: | | | |
| | সরকারি কর্মসম্পাদন মনিটরিং সিস্টেম (GPMS) | সভাকে অবহিত করা হয় যে, সরকারি কর্মসম্পাদন মনিটরিং সিস্টেম (GPMS)-এ কোম্পানির ২০২৫-২৬ অর্থবছরের কর্মসম্পাদন ক্ষেত্র প্রতিবেদন উপস্থাপন করা হয়েছে। তদনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনে কোম্পানি সচেষ্ট হবে মর্মে সভায় আশাবাদ ব্যক্ত করা হয়। সভাকে অবহিত করা হয় যে, GPMS এর ২০২৬-২৭ অর্থবছরে কোম্পানির কর্মক্ষেত্র ও সূচক প্রণয়ন করে জমা প্রদান করতে হবে।<br><br>সভাকে অবহিত করা হয় যে, ডি-নথি কার্যক্রমে বিজিএফসিএল-এর নথি নিষ্পত্তির হার ১০০% এ উন্নীত করার লক্ষ্যে সকল প্রকার ছুটি ডি-নথিতে অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | সরকারী কর্মসম্পাদন মনিটরিং সিস্টেম (GPMS)-এ ২০২৬-২৭ অর্থবছরে কোম্পানির কর্মক্ষেত্র ও সূচক বাস্তবভিত্তিকভাবে প্রণয়ন করতে হবে যেন কর্মসম্পাদন লক্ষ্যমাত্রার ১০০% অর্জন করা সম্ভবপর হয়।<br><br>ডি-নথির কার্যক্রম ১০০% এ উন্নীত করার লক্ষ্যে সকল প্রকার বিল পরিশোধের বিষয়টি ডি-নথিতে সম্পাদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল মহাব্যবস্থাপক এবং সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বর্তমানে আর্থিক বিষয়াবলী ডি-নথিতে সম্পাদন করা যেতে পারে। | | ও উপমহাব্যবস্থাপক (আইসিটি)/ (এইচআর) |
| **৫.০।** | **টেকনিক্যাল সার্ভিসেস ডিভিশন:** | | | |
| ৫.১। | কোম্পানির ভূ-সম্পত্তি ও পথস্বত্ব (ROW) সংরক্ষণ: | | | |
| | কামতা ফিল্ডের Right of way সংরক্ষণ। | সভাকে অবহিত করা হয় যে, উলুখোলা বাজার সংলগ্ন এলাকায় কোম্পানির কামতা ফিল্ডের ROW-এর ৭-৮ ফুট জায়গায় স্থায়ী অবকাঠামো নির্মাণকারী স্থানীয় ব্যক্তির বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নেয়া হয়েছে। | উলুখোলা বাজার সংলগ্ন এলাকায় কোম্পানির কামতা ফিল্ডের ROW সংরক্ষণে সচেতন ও তৎপর থাকতে হবে। অবৈধ দখলদারের বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (টিএস)/(অপারেশন) এবং ডিজিএম (এস্টেট) ও ফিল্ড ইনচার্জ |
| ৫.২। | কোম্পানির ভূ-সম্পত্তি সংরক্ষণ। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির ভূ-সম্পত্তির সিএস/ এসএ/বিএস রেকর্ড যথাযথ করার কার্যক্রম এস্টেট বিভাগের নিয়মিত কাজ, যা চলমান আছে। ইতোমধ্যে কোম্পানির মোট ভূসম্পত্তির মধ্যে অফিস, ফিল্ড/স্থাপনা/ লোকেশনসমূহের ভুমির রেকর্ড আপ-টু-ডেট করা হয়েছে। নদী, রাস্তা, বাজার এলাকায় থাকা ভূমির রেকর্ড আপডেট করতে বিধি মোতাবেক কার্যব্যবস্থা চলমান আছে। | কোম্পানির ভূ-সম্পত্তি সংরক্ষণে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/(টিএস) ও উপমহাব্যবস্থাপক (পুরকৌশল)/ (এস্টেট) |
| **৬.০।** | **কোম্পানি সচিবালয় ডিভিশন :** | | | |
| ৬.১। | কোম্পানির পক্ষে/বিপক্ষে দায়েরকৃত মামলার অবস্থা। | উপমহাব্যবস্থাপক (লিগ্যাল) সভাকে অবহিত করেন যে, কোম্পানির বিপক্ষে সর্বমোট ৪১টি মামলা রয়েছে। মামলা নিষ্পত্তির প্রচেষ্টা অব্যাহত আছে। | কোম্পানির পক্ষে/বিপক্ষে দায়েরকৃত মামলাসমূহ নিষ্পত্তির জোরালো পদক্ষেপ গ্রহণ করতে হবে। | কোম্পানি সচিব/ উপমহাব্যবস্থাপক (লিগ্যাল) |
| **৭.০।** | **রক্ষণাবেক্ষণ ও আইসিটি ডিভিশন :** | | | |
| ৭.১। | কোম্পানির অকেজো/ ব্যবহার অযোগ্য মুভেবল মালামাল অবলোপন/ অপসারণ। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির অকেজো/ব্যবহার অযোগ্য মুভেবল ও নন-মুভেবল/ স্ক্র্যাপ ০১ লট মালামালের নিলাম বিজ্ঞপ্তি প্রকাশ হয়েছে এবং অদ্য ৩০ মার্চ দরপত্র দাখিলের শেষ দিন এবং দরপত্র খোলার সময় ধার্য আছে। এছাড়া, গোকর্ণ ঘাটে অবস্থিত কনডেনসেট স্টোরেজ ট্যাংক ডিসপোজালের বিষয়টি নিলামতব্য ৮টি টেলিকমিউনিকেশন টাওয়ার-এর সাথে সংযুক্ত করে বোর্ডে উপস্থাপন করা হয়েছে। | দরপত্রে উত্তীর্ণ ব্যক্তি/প্রতিষ্ঠান বরাবর নিলাম বিজ্ঞপ্তির সিডিউলভূক্ত অকেজো/ ব্যবহার অযোগ্য মুভেবল ও নন-মুভেবল/ স্ক্র্যাপ মালামাল সুষ্ঠু ও যথাযথভাবে দ্রুত হস্তান্তরের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (এমটিএন্ডআইসিটি/ (প্রশাসন)/(টিএস)/ (অর্থ ও হিসাব) ও সংশ্লিষ্ট কমিটি |
| **৮.০।** | **প্রশাসন ডিভিশন:** | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮.১। | নিরাপত্তা | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির নিরাপত্তা ব্যবস্থা জোরদার রাখতে নিরাপত্তা পরিদর্শন জোরদার রয়েছে, সিসিটিভির মাধ্যমে নিরাপত্তা মনিটরিং করা হচ্ছে। নিরাপত্তা বিষয়ে একজন ফোকাল পয়েন্ট মনোনীত করা হয়েছে। কোম্পানিতে বর্তমানে ৬৮৩জন আনসার নিয়োজিত আছে। | কোম্পানির সার্বিক নিরাপত্তা জোরদার রাখতে হবে। ভিজিলেন্স টিমের টহল/ তদারকি অব্যাহত রাখতে হবে।<br><br>আনসারদের ডিউটি রোস্টার এবং অঙ্গীভূত তালিকার সাথে ডিউটিরত এবং ব্যারাকে অবস্থানকারী আনসারদের উপস্থিতি নিয়মিত যাচাই ও পরিদর্শন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/ (অপারেশন) ও উপমহাব্যবস্থাপক (নিরাপত্তা) |
| ৮.২। | কোম্পানির চিকিৎসা সেবা | ডেপুটি চিফ মেডিক্যাল অফিসার সভাকে অবহিত করেন যে, বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় পরিচালিত হচ্ছে। | বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় পরিচালিত করতে হবে। | সকল মহাব্যবস্থাপক ও সকল উপমহাব্যবস্থাপক |
| ৮.৩। | নিয়োগ ও পদোন্নতি | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানিতে কর্মরত নতুন ৭৫জন কর্মকর্তার মধ্যে ৩৪জন কর্মকর্তা NAPD, BIM ও PTI প্রতিষ্ঠানসমূহের ২ মাস মেয়াদী ফাউন্ডেশন ট্রেনিং-এ রয়েছেন। তদ্‌পরবর্তী পর্বে অবশিষ্ট কর্মকর্তাগণ অংশগ্রহণ করবেন।<br><br>সভায় কম্প্রেসর অপারেশন, প্রসেস প্লান্ট অপারেশন, পাওয়ার জেনারেশন অপারেশন-এর শিফ্‌ট ডিউটি পরিচালনাসহ ফিল্ডসমূহের বিভিন্ন কাজে প্রয়োজনীয় সংখ্যক কর্মচারীর সংকটের বিষয়টি বিশেষ গুরুত্বের সাথে বিবেচনার জন্য দৃষ্টি আকর্ষণ করা হয়। সভা অবহিত হয় যে, কর্মচারী নিয়োগের বিষয়টি ইতিপূর্বে বোর্ড সভায় উপস্থাপন করা হলে বোর্ডের প্রশাসনিক কমিটি কর্তৃক কিছু দিকনির্দেশনা প্রদান করা হয় যার পরিপ্রেক্ষিতে পরবর্তী কার্যক্রম গ্রহণ স্থগিত রয়েছে। | নতুন কর্মকর্তাদের প্রশিক্ষণ এবং কোম্পানির সার্বিক কার্যক্রম ও চলমান প্রকল্পসমূহ সম্পর্কে অবহিত-করণের ব্যবস্থা করতে হবে।<br><br>কম্প্রেসর অপারেশন, প্রসেস প্লান্ট অপারেশন, পাওয়ার জেনারেশন অপারেশন-এর শিফ্‌ট ডিউটি পরিচালনাসহ ফিল্ডসমূহের বিভিন্ন কাজের গুরুত্ব ও প্রয়োজনীয়তার পরিপ্রেক্ষিতে কর্মচারী নিয়োগের বিষয়টি বোর্ডের প্রশাসনিক কমিটি সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) এবং উপমহাব্যবস্থাপক (প্রশাসন)/ (সংস্থাপন)/ (মানবসম্পদ) |
| ৮.৪। | ভ্রমণ আদেশ | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির আন্তঃ ফিল্ড/ লোকেশনে এবং বিভিন্ন ফিল্ড/ লোকেশন হতে সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরে ভ্রমণের ক্ষেত্রে দূরত্বের পরিমাপ সংক্রান্ত ডাটা/তথ্য সম্বলিত প্রতিবেদন বিগত সভায় গঠিত কমিটি কর্তৃক প্রণয়ন করা হচ্ছে।<br><br>সভাকে আরও অবহিত করা হয় যে, নৈমিত্তিক শ্রমিকদের হাজিরা সম্বলিত প্রতিবেদন এবং সুপারিশ গঠিত কমিটি কর্তৃক প্রণয়ন করা হচ্ছে। | কোম্পানির আন্তঃ ফিল্ড/ লোকেশনে এবং বিভিন্ন ফিল্ড/ লোকেশন হতে সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরে ভ্রমণের ক্ষেত্রে দূরত্বের পরিমাপ সংক্রান্ত ডাটা/তথ্য সম্বলিত প্রতিবেদন গঠিত কমিটি কর্তৃক দ্রুত দাখিল করতে হবে।<br><br>নৈমিত্তিক শ্রমিকদের হাজিরা সম্বলিত প্রতিবেদন এবং সুপারিশ গঠিত কমিটির আহ্বায়ক কর্তৃক দ্রুত দাখিল করতে হবে। | সকল মহাব্যবস্থাপক এবং উপমহাব্যবস্থাপক (প্রশাসন)/ (সংস্থাপন)/ (মানবসম্পদ) |
| **৯.০।** | **আর্থিক ও হিসাব কার্যক্রম :** | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৯.১। | সকল প্রকার ব্যয় সংকোচন এবং বাজেট সীমার মধ্যে ব্যয় পরিচালন ও নিয়ন্ত্রণে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ। | মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) সভায় উল্লেখ করেন যে, কোম্পানির সকল ব্যয় বাজেট সীমার মধ্যে পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা প্রয়োজন। | বাজেট সীমার মধ্যে অপারেশনাল ব্যয় পরিচালন ও নিয়ন্ত্রণ এবং কৃচ্ছতা সাধনে সকলকে সচেষ্ট থাকতে হবে। | সকল মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক/ ফিল্ড ইনচার্জ |

সভার আলোচনাপর্বের শেষে সভাপতিসহ উপস্থিত সকল কর্মকর্তা উপমহাব্যবস্থাপক (জনসংযোগ) জনাব জেসমিন আক্তার চলতি সপ্তাহে অবসরে যাচ্ছেন মর্মে অবহিত হন। সভায় দীর্ঘ কর্মজীবনে কোম্পানিতে তার অবদানের জন্য কৃতজ্ঞতা জানিয়ে তাঁর সুস্থতা এবং প্রশান্তিময় অবসর জীবন কামনা করা হয়। পরিশেষে, সভাপতি ধৈর্য সহকারে সভায় অংশগ্রহণের জন্য সকল কর্মকর্তার প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন। সকলের সম্মিলিত প্রয়াসে কোম্পানির উন্নয়ন ও অগ্রগতি অব্যাহত রাখতে নিয়মনীতি অনুসরণ করে সকল কার্য সম্পাদনের পরামর্শ প্রদান করেন এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

তারিখ, ব্রাহ্মণবাড়িয়া
৩০ মার্চ ২০২৬
১৬ চৈত্র ১৪৩২

১৩-০৪-২০২৬
প্রকৌঃ মোঃ আব্দুল জলিল প্রামানিক
ব্যবস্থাপনা পরিচালক

নম্বর: ২৮.১০.১২১৩.০০০.৮৭৬.৪২.০০০৩.২৬.৪৩

তারিখ: ৩০ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
১৩ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সাচিবিক বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
২। সকল মহাব্যবস্থাপক, বিজিএফসিএল।
৩। সকল উপমহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক/প্রকল্প সমন্বয়ক/ফিল্ড ইনচার্জ এবং
৪। ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড।

১৪-০৪-২০২৬
মোঃ মোজাহার আলী
কোম্পানী সচিব/মহাব্যবস্থাপক